তারিখ 27 OCT 1988
পৃষ্ঠা ৮ কলাম ১

দৈনিক সংবাদ

038

## ডিগ্রী পরীক্ষাকেন্দ্র বাতিলের প্রতিবাদ

# ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ী ভাঙচুর ।। কলেজ বন্ধ ঘোষণা ।। ৩১ জন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়া, ২৬শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন) ।--ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল করার প্রতিবাদে ছাত্ররা আজ বিক্ষোভ মিছিল করে জেলা প্রশাসকের গাড়ীসহ পাঁচটি সরকারী জীপ ভাঙচুর করেছে। পুলিশ ছাত্রদের ওপর লাঠিচার্জ এবং ৩১ জনকে গ্রেফতার করে। কলেজ অনির্দিষ্টকালের জন্য

(শেষ পৃ: ৩-এর ক: দেখুন)

## ৩১ জন গ্রেফতার

(১ম পাতার পর)

বন্ধ ঘোষণা করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজের আসন্ন ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল করে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে স্থানান্তরের নির্দেশ দেন। ১৯৮৮ সালে ডিগ্রী পরীক্ষায় নকলের অভিযোগে এ নির্দেশ দেয়া হয়।

ছাত্ররা পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে কলেজের টিফিন রুমে ভাঙচুর করে। অধ্যক্ষ তাদের শান্ত করার চেষ্টা করলে ছাত্ররা শান্ত হয়; কিন্তু শিক্ষকদের নিয়ে মিছিল শুরু করে। সাড়ে ১০টার দিকে শুরু হওয়া মিছিলটি জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে পৌঁছলে উত্তেজিত ছাত্ররা এক পর্যায়ে কলেজের অধ্যক্ষ আবদুর রশিদকে লাঞ্ছিত এবং জেলা প্রশাসকের গাড়ীসহ পাঁচটি সরকারী জীপ ভাঙচুর করে।

পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য লাঠিচার্জ করে এবং ৩১জন ছাত্রকে আটক করে। এ ব্যাপারে ব্রাহ্মণবাড়িয়া থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

কলেজ কর্তৃপক্ষ ও জেলা প্রশাসন এক যৌথ জরুরী সভায় অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।